জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট।
www.zplalmonirhat.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-জেপ/লাল/২০২৩/৫৫০(৫০)　　　　　　　　তারিখঃ ২১/১২/২০২৩ খ্রিঃ

## "লালমনিরহাট শিশুপার্ক ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্দারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লালমনিরহাট শিশু পার্ক (শেখ রাসেল শিশু পার্ক) (যে অবস্থায় আছে) লোকবল/মেইনটেন্যান্স/উন্নয়ন খরচ বহনের জন্য আগামী ২০ জানুয়ারি/২০২৪ হতে ২০ জানুয়ারি/২০২৭ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সার্বিকভাবে পরিচালনার জন্য ইজারা প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তি/ব্যবসায়ী/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত = ২,০০০-/(দুই হাজার)টাকা (অফেরত যোগ্য) মূল্যে দরপত্র সিডিউল ক্রয় করা যাবে। দাখিলকৃত দরের ১০০% টাকা ও বিধি মোতাবেক ভ্যাট,আয়করসহ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট এর অনুকূলে যে কোন তফশীলি ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অডার এর মাধ্যমে দাখিল করতে হবে ।

### * দরপত্র সিডিউল ক্রয়, দাখিল, খোলার তারিখ ও স্থান *

| ক্রঃনং | কার্যক্রম | ১ম দফা | ২য় দফা | ৩য় দফা |
|---|---|---|---|---|
| ১। | দরপত্র ক্রয়ের শেষ তারিখ। | ১৫/০১/২০২৪ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত। | ২২/০১/২০২৪ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত। | ২৯/০১/২০২৪ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত। |
| ২। | দরপত্র দাখিলের তারিখ ও সময়। | ১৬ /০১/২০২৪ খ্রি. বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত। | ২৩/০১/২০২৪ খ্রি. বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত। | ৩০/০১/২০২৪ খ্রি. বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ৩। | দরপত্র বাক্স খোলার তারিখ, সময় ও স্থান। | ১৬/০১/২০২৪ খ্রি. বেলা ৩.০০ ঘটিকায়, জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট। | ২৩/০১/২০২৪ খ্রি. বেলা ৩.০০ ঘটিকায়, জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট। | ৩০/০১/২০২৪ খ্রি. বেলা ৩.০০ ঘটিকায়, জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট। |
| ৪। | দরপত্র ক্রয় এবং দাখিলের স্থান। | জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট। জেলা প্রশাসকের কার্যালয়,লালমনিরহাট। পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট। | জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট। জেলা প্রশাসকের কার্যালয়,লালমনিরহাট। পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট। | জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট। জেলা প্রশাসকেরকার্যালয়,লালমনিরহাট। পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট। |
| ৫। | দরপত্র সিডিউলের মূল্য। | সিডিউল ক্রয় মূল্য = ২,০০০/-(দুই হাজার) টাকা। | সিডিউল ক্রয় মূল্য = ২,০০০/-(দুই হাজার) টাকা। | সিডিউল ক্রয় মূল্য = ২,০০০/-(দুই হাজার) টাকা। |

**শর্ত সমুহ :**

১। দরপত্র দাতাকে নির্ধারিত = ২,০০০-/ (দুই হাজার) টাকার (অফেরত যোগ্য) সিডিউল ফরমে দাখিলকৃত দরের ১০০%ভাগ টাকা এবং উদ্ধৃত দরের উপর ১৫% ভ্যাট, ১০% আয়কর, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট এর অনুকূলে যে কোন তফশীলি ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে ।

২। সর্বোচ্চ দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানকে ডাকের টাকার উপর ১০% টাকা নিরাপত্তা জামানত বাবদ জমা গ্রহণ সাপেক্ষে ইজারার কার্যাদেশ প্রদান করা হবে। ইজারা মেয়াদ শেষে এ নিরাপত্তা জামানত ফেরত দেয়া হবে ।

৩। কোন ত্রুটি যুক্ত লেখা (ওভার রাইটিং) দরপত্র গ্রহণযোগ্য হবেনা।

৪। অনুমোদিত দরপত্র দাতাকে কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক নিরাপত্তা জামানত বাবদ অর্থ ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে পরিশোধসহ যথারীতি চুক্তিপত্র সম্পাদনে ব্যর্থ হলে দরপত্রের সাথে দাখিলকৃত অর্থ জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করণসহ দরপত্র বাতিল করা হবে।

৫। শেখ রাসেল শিশু পার্কের বিদ্যুৎ বিল প্রতি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরিশোধিত বিলের ০১(এক)টি কপি জেলা পরিষদে দাখিল করতে হবে। বিদ্যুৎ বিল বকেয়ার কারনে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হলে জেলা পরিষদ দায়ি থাকবে না।

৬। ইজারা বিজ্ঞপ্তি ও কার্যাদেশে উল্লিখিত শর্তাবলী ইজারা গ্রহীতা মেনে চলতে বাধ্য থাকবেন ।

৭। ইজারা গ্রহীতাকে ইজারার মেয়াদের মধ্যে সকল প্রকার প্রয়োজনীয় মেরামত বা রক্ষণাবেক্ষণ খরচ বহন করতে হবে এবং শিশু পার্কটি সচল রাখতে হবে ।

৮। শেখ রাসেল শিশু পার্কের উন্নয়ন /নির্মাণ/সংস্কার কার্যক্রম গ্রহণ করা হলে বরাদ্দ গ্রহীতা কোনরুপ বাধা সৃষ্টি করতে পারবেন না।

৯। শেখ রাসেল শিশু পার্কের সংস্কার/উন্নয়ন অথবা বিভিন্ন ধরনের রাইডস স্থাপন করা হলে কর্তৃপক্ষ নতুন রাইডস এর রেট যেরুপ নির্ধারণ করবেন তা বরাদ্দ গ্রহীতা মেনে নিতে বাধ্য থাকবেন। অন্যথায় কর্তৃপক্ষ বর্ধিত রাইডস ভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে বরাদ্দ প্রদান করতে পারবেন।সেক্ষেত্রে ১ম বরাদ্দ গ্রহণকারী ২য় বরাদ্দ গ্রহণকারীকে রাইডস পরিচালনায় সার্বিক সহযোগিতা প্রদান করতে বাধ্য থাকবেন।

১০। বিদ্যুৎ বিল, পৌরকর সহ যাবতীয় বিল বরাদ্দ গ্রহণকারীকে পরিশোধ করতে হবে। ইজারা গ্রহণকারী পৌরকর বাবদ টাকা জেলা পরিষদ এর পক্ষে দাখিল করবেন । বিলের কপি জেলা পরিষদে দাখিল করতে হবে ।

১১। শিশু পার্কটি সাব লীজ দেয়া যাবেনা এবং জেলা পরিষদের অনুমতি ব্যতিরেকে কোন প্রকার অবকাঠামো ও রাইডস এর আকৃতিগত পরিবর্তন/ পরিবর্ধন/সংশোধন/বিক্রয় করা যাবেনা। এ ছাড়া কোন ধরনের ক্ষয়ক্ষতি হলে তা নিজ খরচে পূরণ করে দিতে হবে ।

১২। অস্বাস্থ্যকর খাবার বা পানীয় বিক্রয় করা যাবে না ।

১৩। অবৈধ দ্রব্য সংরক্ষণ বা বিপনণের জন্য শিশু পার্কটি ব্যবহার করা যাবে না। ব্যবহার করলে ইজারা বাতিল সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।



CamScanner

১৪। দর্শনার্থীদের/ব্যবহার কারীদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

১৫। রাত্রিকালীন সময়ে পর্যাপ্ত আলো ও সিকিউরিটির ব্যবস্থা নিশ্চিত করতে হবে ।

১৬। শিশু পার্ক কোন রকম অবৈধ মেলা/হাউজি/জুয়া ইত্যাদি অসামাজিক কাজে ব্যবহার করা যাবেনা। অন্যথায় ইজারা বাতিল সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

১৭। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল দরপত্র আংশিক বা সম্পূর্ণ গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

(মোছাঃ আফরোজা খাতুন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
জেলা পরিষদ,লালমনিরহাট।
ফোন - ০২৫৮৯৯৮৬৮৩৪
ই-মেইল- zillaparishadlmh@yahoo.com

স্মারক নং-জেপ/লাল/২০২৩/১৫৫০(৫০)

তারিখ : ২৭/০৮/১৪৩০ বঙ্গাব্দ
১২/১২/২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা ।
২। কমিশনার, রংপুর বিভাগ,রংপুর ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর ।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট ।
৫। পুলিশ সুপার, লালমনিরহাট ।
৬। চেয়ারম্যান (ভা.), জেলা পরিষদ, লারমনিরহাট ।
৭। মেয়র, পৌরসভা, লালমনিরহাট সদর।
৮। নির্বাহী প্রকৌশলী,বিদ্যুৎ বিভাগ, লালমনিরহাট ।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, লালমনিরহাট ।
১০। উপজেলা নির্বাহী অফিসার, সদর, লালমনিরহাট। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
১১। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, লালমনিরহাট ।
১২। অফিসার ইনচার্জ, লালমনিরহাট সদর থানা ।
১৩। জনাব মোঃ ফরিদ হাসান, পিতাঃ মৃত.আব্দুর রহমান, সাং- সাহেবপাড়া, লালমনিরহাট (চলমান ইজারাদার)। তাকে ৩১/১২/২০২৩খ্রি. তারিখের মধ্যে কার্যাদেশ মোতাবেক নতুন ইজারাদার/জেলা পরিষদ বরাবর সচল শিশু পার্ক হস্তান্তর করতে হবে।
১৪। জনাব/মেসার্স ------------------------------------------- ।

(মোছাঃ আফরোজা খাতুন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
জেলা পরিষদ, লালমনিরহাট.।
ফোন - ০২৫৮৯৯৮৬৮৩৪
ই-মেইল- zillaparishadlmh@yahoo.com

বিতবণ ঃ

১। জনাব------------------------------------------------------------ ।
সদস্য (সকল) জেলা পরিষদ,লালমনিরহাট।